

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলগাজী, ফেনী।
www.fulgazi.feni.gov.bd

স্মারক নং- ০৫.২০.৩০৪১.০০০.১৮.০৪৮.১৯-

তারিখঃ ০৬/০৩/২০১৯ খ্রি।

হাট বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফুলগাজী উপজেলাধীন নিম্নলিখিত বাজার সমূহ ১৪২৬ বাংলা সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান হতে সীলমোহরকৃত খামে উল্লিখিত শর্তাবলীর আলোকে দরপত্র আহবান করা যাচ্ছে।

নং	ইউনিয়নের নাম	বাজারের নাম	দরপত্র বিক্রি ও দাখিলের তারিখ (১ম বার)	দরপত্র বিক্রি ও দাখিলের তারিখ (২য় বার)	দরপত্র বিক্রি ও দাখিলের তারিখ (৩য় বার)	দরপত্রের মূল্য	সরকারী মূল্য (নূন্যতম)
১	ফুলগাজী	ফুলগাজী তোহা বাজার	বিক্রির তারিখঃ ১১/০৩/২০১৯ হতে ১৩/০৩/২০১৯ পর্যন্ত দরপত্র দাখিলের তারিখঃ ১৪/০৩/২০১৯	বিক্রির তারিখঃ ১৮/০৩/২০১৯ হতে ২০/০৩/২০১৯ পর্যন্ত দরপত্র দাখিলের তারিখঃ ২১/০৩/২০১৯	বিক্রির তারিখঃ ২৪/০৩/২০১৯ হতে ২৭/০৩/২০১৯ পর্যন্ত দরপত্র দাখিলের তারিখঃ ২৮/০৩/২০১৯	১২০০/-	২,৯১,১৮৫/-
২	মুঙ্গীরহাট	নতুন মুঙ্গীরহাট তোহা বাজার	এ	এ	এ	৫০০/-	৮,৪৮৬/-
৩	দরবারপুর	মুঙ্গীরহাট তোহা বাজার	এ	এ	এ	১২০০/-	৩,৮৫,৩৯৫/-
৪	দরবারপুর	মুঙ্গীরহাট স্থায়ী গরুর বাজার	এ	এ	এ	১২০০/-	২,৩৫,৮২১/-
৫	আনন্দপুর	আনন্দপুর তোহা বাজার	এ	এ	এ	৫০০/-	১২,৫৬২/-
৬	আমজাদহাট	আমজাদহাট তোহা বাজার	এ	এ	এ	৫০০/-	৮২,৮২৬/-
৭	আমজাদহাট	গজারিয়া তোহা বাজার	এ	এ	এ	৫০০/-	৩,৮০৭/-
৮	জিএমহাট	জিএমহাট তোহা বাজার	এ	এ	এ	৫০০/-	৮৯,১৪৪/-
৯	জিএমহাট	জিএমহাট স্থায়ী গরুর বাজার	এ	এ	এ	৫০০/-	৩৪,৬৮০/-
১০	জিএমহাট	বকশিসাহ তোহা বাজার	এ	এ	এ	৫০০/-	১,৫৫১/-

দরপত্র দাখিলের সময় দুপুর ১.০০ টা পর্যন্ত। দরপত্র দাখিলের স্থান জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফুলগাজী থানায় রক্ষিত দরপত্র বাস্তব জমা দেওয়া যাবে। প্রাপ্ত দরপত্রসমূহ ঐ দিন দুপুর ২.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল ক্রয় করা যাবে না। ডাকযোগে কোন দরপত্র গ্রহণযোগ্য নয়। দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ও শর্তাবলী অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

দরপত্রের শর্তাবলী :

১. দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের শতকরা ৩০% অর্থ জামানত হিসেবে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী এর অনুকূলে সংযুক্ত করে দাখিল করতে হবে। এ টাকার ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে।
২. দরপত্র অনুমোদনের ০৭(সাত) দিনের মধ্যে অনুমোদিত দরদাতাকে ইজারামূল্যের দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পাঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমা দানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
৩. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন সিডিউল বিক্রয় করা যাবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অর্জবুজ করা যাবে না।
৪. ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্রে উল্লিখিত ইজারামূল্য কাটা/ঘষা/মাজা করা যাবে না।
৫. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৬. দরপত্রের অন্যান্য শর্তাবলী সিডিউলের সাথে পাওয়া যাবে।
৭. কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৮. দরপত্রের অন্যান্য শর্তাবলী হাট বাজার নীতিমালা অনুসারে প্রযোজ্য হবে।



(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলগাজী, ফেনী।
মোবাইলঃ ০১৭১৩১৮৭৩১৫